আবেদনপত্র পূরণের নিয়ম

অনুগ্রহ করে আবেদনপত্র পূরণের আগে ভালো করে পড়ুন

যোগ্যতা:
২০১২-২০১৩ স্কুল বছরের ডিস্ট্রিক্ট ২৯ লটারি কর্মসূচির আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণের যোগ্য হতে হলে শিক্ষার্থীকে অবশ্যই ডিস্ট্রিক্ট ২৯-এর বাসিন্দা এবং ২০০৭ সালে জন্ম হতে হবে।

ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার
নিচের অগ্রাধিকারের ক্রম অনুযায়ী আবেদনকারীদের ভর্তি করা হবে:

১. ডিস্ট্রিক্ট ২৯-এর তালিকাভুক্ত কোন স্কুলে শিক্ষার্থীর ভাইবোন আগে থেকে ভর্তি আছে, এমন প্রমাণ থাকলে* ভাইবোনের স্কুলে আবেদনকারী অগ্রাধিকার পাবে

২. ডিস্ট্রিক্ট ২৯-এর অন্যসব আবেদনকারী

*সকল তালিকাভুক্ত ভাইবোনের সত্যতা যাচাই করবে গ্রাহক স্কুল। আবেদনপত্র জমা দেওয়ার সময় ভাইবোনের কারণে অগ্রাধিকারপ্রাপ্ত আবেদনকারীর ভাইবোনকে অবশ্যই বর্তমান কে-৪ গ্রেডে ভর্তি থাকতে হবে।

কোন অগ্রাধিকার গ্রুপে যদি আসনসংখ্যার চাইতে আবেদনকারীর সংখ্যা অধিক হয়, তাহলে একটি নির্বিচার লটারি প্রক্রিয়ার মাধ্যমে ভর্তির সুযোগ দেওয়া হবে।

অপেক্ষমান তালিকা
যদি কোন ছেলেমেয়েকে তার আবেদনপত্রে উল্লিখিত পছন্দের একটি স্কুলে ভর্তির সুযোগ প্রদান করা হয়, তাহলে তার ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে বলে ধরে নেয়া হবে এবং শিক্ষার্থীকে অপেক্ষমান তালিকায় রাখা হবে না। যদি কোন আবেদনকারীকে তার আবেদনকৃত কোন স্কুলে ভর্তির সুযোগ না দেওয়া হয়, তাহলে তাকে তার আবেদনকৃত স্কুলের জন্য অপেক্ষমান তালিকায় রাখা হবে। ভর্তি প্রত্যাখ্যানের কারণে আসন খালি হলে অপেক্ষমান তালিকার আবেদনকারীদেরকে ভর্তির সুযোগ দেওয়া হবে। অপেক্ষমানদের ক্রম নির্ধারিত হবে শিক্ষার্থীদের অগ্রাধিকার গ্রুপ ও নির্বিচারে প্রদত্ত নম্বর অনুযায়ী।

আবেদনকারী যে তার বাছাই করা স্কুলে ভর্তির সুযোগ পাবে, তার নিশ্চয়তা নেই। এই প্রক্রিয়ার মাধ্যমে আবেদনকারী শিক্ষার্থীদেরকে তাদের জোন স্কুলে সরাসরি আবেদন করার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

স্কুল বাছাই
ডিস্ট্রিক্ট ২৯ কিন্ডারগার্টেনের ভর্তির ক্ষেত্রে বেছে নেওয়ার জন্য নিচে উল্লিখিত চারটি স্কুল রয়েছে:

- **পিএস/আইএস ২০৮** (কিন্ডারগার্টেন – ৮ গ্রেড)
  74-30 Commonwealth Boulevard
  Bellerose, NY 11426
  (718) 468-6420
  www.nyc.gov/schools/SchoolPortals/29/Q208
- **পিএস/আইএস ২৬৮** (কিন্ডারগার্টেন – ৮ গ্রেড)
  175-02 Jamaica Avenue
  Jamaica, NY 11432
  (718) 206-3240
  www.nyc.gov/schools/SchoolPortals/29/Q268
- **পিএস/আইএস ২৫১** (কিন্ডারগার্টেন – ৩ গ্রেড)
  144-51 Arthur Street
  Springfield Gardens, NY 11413
  (718) 276-2745
  www.nyc.gov/schools/SchoolPortals/29/Q251
- **পিএস/আইএস ২৭০** (কিন্ডারগার্টেন – ৮ গ্রেড)
  233-15 Merrick Boulevard
  Rosedale, NY 11422
  (718) 341-8280
  www.nyc.gov/schools/SchoolPortals/29/Q270

আবেদনপত্র জমা দেওয়া
আবেদনপত্র ডিস্ট্রিক্ট ২৯-এর সুপারিনটেনডেন্টের অফিস, সাটফিন বুলেভার্ডের কুইন্স এনরোলমেন্ট অফিস, কিংবা উপরে উল্লিখিত যে কোন স্কুল কিংবা অনলাইনে www.nyc.gov/schools /ChoicesEnrollment/Elementary/Publications ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যেতে পারে। পূরণকৃত আবেদনপত্র শুক্রবার, ২ মার্চ, ২০১২ তারিখের মধ্যে নিচে উল্লিখিত ঠিকানার যেকোন একটিতে *সরাসরি* জমা দিতে হবে।

- **Office of the District 29 Community Superintendent**
  222-14 Jamaica Avenue, Room 217
  Queens Village, NY 11428
  Monday – Friday, 8:00 AM – 4:00 PM
- **Queens Enrollment Office**
  90-27 Sutphin Boulevard, Room 140
  Jamaica, NY 11435
  Monday – Friday, 8:00 AM – 3:00 PM

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ২৫
কিন্ডারগার্টেন লটারির আবেদনপত্র ২০১২–২০১৩

এই আবেদনপত্র **শুক্রবার, ২ মার্চ, ২০১২** তারিখের মধ্যে এই আবেদনপত্রে উল্লিখিত তিনটি স্কুলের যে কোনটিতে কিংবা 90-27 Sutphin Boulevard,Room 140, ঠিকানায় অবস্থিত কুইন্স বরো এনরোলমেন্ট অফিসে *হাতে হাতে* জমা দিন। জমা দেওয়ার রসিদ সংরক্ষণ করতে ভুলবেন না।

সেকশন এ: শিক্ষার্থীর তথ্য– অনুগ্রহ করে কলম দিয়ে স্পষ্টাক্ষরে লিখুন

শিক্ষার্থীর প্রথম নাম | শিক্ষার্থীর শেষ নাম | জন্মদারিথ (মাস/দিন/বছর) / / ২০০৭ | লিঙ্গ (ঐচ্ছিক) ❐ ছেলে ❐ মেয়ে

শিক্ষার্থীর ঠিকানা (বাড়ি নং, স্ট্রিট, অ্যাপার্টমেন্ট নং, সিটি, স্টেট ও জিপ কোড) | স্টুডেন্ট আইডি নং (যদি থাকে)

পিতামাতা/অভিভাবকের প্রথম নাম | পিতামাতা/অভিভাবকের শেষ নাম | শিক্ষার্থীর সাথে সম্পর্ক

দিনের ফোন | সেল ফোন | পিতামাতার ইমেইল ঠিকানা

শিক্ষার্থীর বর্তমান স্কুল | ❐ পাবলিক স্কুলের শিক্ষার্থী | ❐ প্রাইভেট/ধর্মীয় স্কুলের শিক্ষার্থী

ভাইবোনের তথ্য: **আপনার সন্তান যে স্কুলে আবেদন করছে, সে স্কুলের কে–২ গ্রেডে তার কোন ভাইবোন বর্তমানে পঠনরত থাকলেই শুধু এই অংশ পূরণ করুন।**

ভাইবোনের নাম | ভাইবোনের জন্মতারিখ (মাস/দিন/বছর) | ভাইবোনের স্টুডেন্ট আইডি

ভাইবোনের বর্তমান গ্রেড | ভাইবোনের স্কুলের নাম

সেকশন বি: পছন্দের স্কুল – ভালো করে নির্দেশনাগুলো পড়ুন

ডিস্ট্রিক্ট ২৫–এর যেসব স্কুলে লটারির মাধ্যমে ভর্তি করা হয়, সেগুলোর তালিকা নিচে দেওয়া হলো। সেপ্টেম্বর ২০১২ সালে আপনার সন্তানকে যে স্কুলে ভর্তি করতে আপনি আগ্রহী, নিশ্চিত করবেন যেনো শুধু সে স্কুলগুলো তালিকাভুক্ত করা হয়েছে। আপনার পছন্দের ধারাক্রম বুঝাতে প্রতিটি স্কুলের পাশের বক্স–এ প্রযোজ্য নম্বরটি বসিয়ে দিন। যেমন একটি স্কুলের নামের পাশে “১” নম্বরটি বসিয়ে বুঝাতে পারেন যে এটি আপনার প্রথম পছন্দ। “২” বসিয়ে আপনার দ্বিতীয় পছন্দ বুঝাতে পারেন, এবং এভাবে এগিয়ে যেতে পারেন। আরও বিস্তারিত জানতে অপর পৃষ্ঠান দেওয়া “আবেদনপত্র পূরণের নিয়ম” দেখুন।

আপনি যদি যমজ বা একসাথে জন্ম নেওয়া একাধিক সন্তানের জন্য আবেদন করেন, প্রতিটি সন্তানের জন্য একটি করে আবেদনপত্র পূরণ করতে হবে। আপনি যদি তাদের আবেদনপত্রে হুবহু একই স্কুলগুলোকে একই ধারাক্রমে তালিকাভুক্ত করেন, তাহলে তাদেরকে একই স্কুলে ভর্তির সুযোগ দেওয়া হবে। যমজ বা একসাথে জন্ম নেওয়া একাধিক সন্তানের ক্ষেত্রে ভাইবোনের অগ্রাধিকার প্রযোজ্য হবে না।

অগ্রাধিকারের ধারা	স্কুলের নাম
	Q130 – পিএস ১৩০ আরলি চাইল্ডহুড স্কুল ফর সায়েন্স অ্যান্ড টেকনোলোজি
	Q242 – পিএস ২৪২ লিওনার্ড পি স্টাভিস্কি আরলি চাইল্ডহুড স্কুল
	Q244 – পিএস ২৪৪ দি অ্যাকটিভ লার্নিং এলিমেন্টারি স্কুল (টিএএলইএস)

সেকশন সি: পিতামাতা/অভিভাবকের নাম ও সই

আমি জানি যে আসনসংখ্যা সীমিত এবং এই আবেদনপত্র আমার সন্তানের আগ্রহের কোন স্কুলে ভর্তির নিশ্চয়তা দেয় না। আমি জানি যে এসব স্কুলের কোন একটিতে ভর্তির সুযোগ যদি আমি গ্রহণ করি, তাহলে আবেদনপত্রে তালিকাভুক্ত অন্যান্য স্কুলে ভর্তি যোগ্যতা নষ্ট হয়ে যাবে।

যারা বাস পরিষেবা পাওয়ার যোগ্য, তাদের জন্য বাসে পরিবহন সুবিধা দেওয়া হবে। পরিবহন সুবিধা লাভের যোগ্যতা সম্পর্কে জানতে অনুগ্রহ করে www.nyc.gov/schools/offices/transportation ওয়েবসাইট দেখুন।

আমি উপরে বর্ণিত ভর্তির আবেদনপত্র পূরণের নিয়ম পড়েছি ও বুঝেছি। এই ফরম–এ সই করার মাধ্যমে আমি প্রত্যয়ন করছি যে আমি আবেনদকারীর পিতামাতা/অভিভাবক, আমি ও আবেদনকারী উপরোল্লিখিত ঠিকানায় বসবাস করি এবং আমি আবেদনকারীর পক্ষে এই আবেদনপত্র জমা দেওয়ায় অনুমোদন দিয়েছি।

পিতামাতা/অভিভাবকের সই ____________________ তারিখ ____________

শুধু অফিসে ব্যবহারের জন্য।

Received by: | Location: | Date: